সাপ্তাহিক পুস্তিকা: ৪৫২
WEEKLY BOOKLET:452

# আমীরে আহলে সুন্নাতের লিখনী

## (আরাকীনে মারকাযী মজলিসে শূরার নামে)

# WRITINGS OF ATTAR

## (for the members of Central Executive Committee)

# প্রথমে এটি পড়ে নিন

আল্লাহ পাকের রহমত ও তাঁর প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর অনুগ্রহে ইশকে রাসূলের সুধা দানকারী, সাহাবা ও আহলে বাইত رَضِیَ اللهُ عَنْهُمْ এর প্রতি আদব ও সম্মান প্রদর্শনের শিক্ষাদানকারী, শুধুমাত্র নেকীর রাস্তা প্রদর্শনকারী নয় বরং সুন্নাতের পথে পরিচালনাকারী, আউলিয়ায়ে কেরামের ভালোবাসা বৃদ্ধিকারী, আশিকানে রাসূলের সুন্নাতে ভরা সংগঠন "দাওয়াতে ইসলামী" ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয়।

দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা, আমীরে আহলে সুন্নাত, হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه প্রাথমিক পর্যায়ে কয়েকজন ইসলামী ভাইকে সাথে নিয়ে বিশ্বব্যাপী নেকীর দাওয়াতের সাড়া জাগানোর স্পৃহা নিয়ে অলি-গলি, এলাকায় এলাকায়, গ্রামে গ্রামে এরপর শহর থেকে শহরে সফর করা শুরু করলেন এবং সুন্নাতে মুস্তফার পয়গাম পৌঁছিয়ে দিতে লাগলেন:

ম্যা একেলা হী চলা থা জানিবে মানযিল মাগার
লোগ সাথ আতে গেয়ে আওর কারওয়াঁ বনতা গেয়া

اَلْحَمْدُ لِلّٰه দ্বীনের খেদমত এবং কুরআন ও সুন্নাতের ফয়যানকে ছড়িয়ে দেয়ার এই ধারা ১৯৮১ সাল থেকে শুরু করে রাতদিন চলমান ছিলো যা পাকিস্তানের প্রসিদ্ধ শহর করাচী থেকে সিন্ধের অভ্যন্তরীন, এরপর পাঞ্জাবের পিকে (খায়বার পাখতুঁখাঁ) এবং বেলুচিস্তান হয়ে পাকিস্তানের বাহিরে হিন্দুস্থান, ইউকে, আমেরিকা, আফ্রিকা, ক্যানেডা, মালেশিয়া, ইন্দোনিশিয়াসহ অনেক দেশে পৌঁছে যায়।

আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দূরদৃষ্টির উপর লাখো সালাম, তিনি অনেক হিকমত তথা কৌশল এবং সমস্যার সম্মুখীন হয়ে ২০০০ সালে নিজের রক্তঘাম ঝরিয়ে দ্বীনি সংগঠন দাওয়াতে ইসলামীর “মারকাযী মজলিসে শূরা” গঠন করেন। এর সর্বপ্রথম নিগরান ছিলেন যুগের প্রসিদ্ধ নাত খাঁ, বুলবুলে মদীনা আলহাজ্ব মুহাম্মদ মুশতাক আত্তারী কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْه। আর এরপর নিগরান শূরার মনোনয়ন করার দায়িত্ব শূরার সদস্যদের উপর ছেড়ে দেন। তখন মারকাযী মজলিসে শূরা ১১ জন সদস্য সম্বলিত ছিলো। বর্তমানে নিগরানে শূরা সহ এদের সংখ্যা ২৯ জন।

আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه আবু মুহাম্মদ তাহির আত্তারী (লেখক) عُفِيَ عَنْه এর অনুরোধে প্রায় তিন বছর পূর্বে ২০২২ সালে মদীনায় সফররত মারকাযী মজলিসে শূরার কয়েকজন আরাকীনের নামে বিভিন্ন মাদানী ফুল নিজের কলম দ্বারা লিপিবদ্ধ করেন। আর পরবর্তীতে সকল আরাকীনে শূরার নামে লিখে লিখনীর এই ধারাবাহিকতা পরিপূর্ণ করলেন। اَلْحَمْدُ لِلّٰه “আমীরে আহলে সুন্নাতের লিখনী”(আরাকীনে মারকাযী মজলিসে শূরার নামে) নামক এই রিসালা এসব লিখনীরই সমষ্টি।

আল্লাহ পাক আমীরে আহলে সুন্নাতের ছাঁয়াকে(আশীর্বাদ) কল্যাণ ও মঙ্গলের সাথে দীর্ঘায়িত করুক। আর আমাদেরকে তাঁর প্রতিষ্ঠিত মারকাযী মজলিসে শূরার শরীয়তের সীমার মধ্যে থেকে আনুগত্য করে দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজ করার তাওফীক দান করুক।

اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

মদীনার প্রেম ও জান্নাতুল বাকীতে দাফনের আগ্রহী
এবং বিনা হিসাবে ক্ষমাপ্রার্থী
**আবু মুহাম্মদ তাহির আত্তারী মাদানী** عُفِيَ عَنْه



www.dawateislami.net

اَلۡحَمۡدُ لِلّٰہِ رَبِّ الۡعٰلَمِیۡنَ وَالصَّلٰوۃُ وَالسَّلَامُ عَلٰی خَاتَمِ النَّبِیّٖنَ ط

اَمَّا بَعۡدُ فَاَعُوۡذُ بِاللّٰہِ مِنَ الشَّیۡطٰنِ الرَّجِیۡمِ ط بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ ط

# আমীরে আহলে সুন্নাতের লিখনী

## (আরাকীনে মারকাযী মজলিসে শূরার নামে)

**দোয়ায়ে আত্তার:** হে আল্লাহ পাক! যে কেউ এই পুস্তিকাটি **"আমীরে আহলে সুন্নাতের লিখনী (আরাকিনে মারকাযী মজলিসে শূরার নামে)"** পড়ে বা শুনে নিবে তাকে দাওয়াতে ইসলামীর দ্বীনি পরিবেশে স্থায়ীত্ব দান করো এবং তাকে তার মা-বাবাসহ পুরো পরিবারকে জান্নাতুল ফেরদৌসে বিনা হিসাবে প্রবেশ করার তাওফীক দান করো। اٰمِین بِجاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

## দাওয়াতে ইসলামী জিন্দাবাদ

**দোয়ায়ে আত্তার:** হে আল্লাহ পাক! যে কেউ নিজের ঘর, দোকান, অফিস, গাড়ি ইত্যাদিতে "দাওয়াতে ইসলামী জিন্দাবাদ" লিখবে তাকে দুনিয়া ও আখিরাতে নিরাপদ রাখুন এবং তার মা-বাবাকেও বিনা হিসাবে ক্ষমা করুন। اٰمِین بِجاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

(হাজ্বী ইমরান নিগরানে শূরার জন্য উপহার)

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❀❀❀ صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## লজ্জাশীলতার গুরুত্ব

হাদীসে কুদসী, আল্লাহ পাকের বাণী: "হে লোক তোমার দ্বীন ততক্ষণ পর্যন্ত সঠিক হবে না যতক্ষণ না তোমার মুখ ঠিক হবে না আর তোমার যবান ততক্ষণ পর্যন্ত ঠিক হবে না যতক্ষণ তুমি তোমার পালনকর্তাকে লজ্জাবোধ করবে না।" (রফিকুল হারামাইন, পৃষ্ঠা ১৩-১৪)

(হাজ্বী মুহাম্মদ শাহিদ আত্তারী (নিগরানে পাকিস্তান) এর খেদমতে উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## আরশ ও কুরসীর চেয়েও উত্তম

(কবরে আনওয়ারে) আল্লাহ পাকের সর্বশেষ নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর পবিত্র দেহ মুবারকের যেই অংশ জমিনের সাথে লেগেছে সেটা কাবা শরীফের চেয়ে বরং আরশ ও কুরসীর চেয়েও উত্তম।

(এই লিখনীটি হাজ্বী আব্দুল হাবীব আত্তারীর জন্য উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## রাগকে নিয়ন্ত্রণ করার ফযিলত

আল্লাহ পাকের প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর বাণী: "যে ব্যক্তি তার রাগকে নিয়ন্ত্রণ করবে আল্লাহ পাক কিয়ামতের দিন তাকে তাঁর আযাব থেকে রক্ষা করবেন।" (রফিকুল হারামইন, পৃষ্ঠা ১৫)

(হাজ্বী মুহাম্মদ আমীন আত্তারীর খেদমতে সফরে মদীনার স্মৃতি উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد



www.dawateislami.net

## স্মরণশক্তির জন্য খুব সুন্দর আমল

ইশার নামাযের পর ৩টি বাদাম নিয়ে দরূদে পাক পাঠ করে পানিতে ভিজিয়ে নিবেন, ফজরের নামাযের পর আর যদি রোযাদার হোন তবে সাহরীর সময় দরূদ শরীফ পড়তে পড়তে পানি থেকে বের করে খোসা ছাড়িয়ে বাদাম তিনটির উপর لَااِلٰهَ اِلَّا اللهُ الْمَلِكُ الْحَقُّ الْمُبِيْن ১০০বার পাঠ করে খেয়ে নিন। বাচ্চাদের জন্য এই আমল করে তাদেরকেও খাইয়ে দিন। এই আমলটি যতদিন চান করতে পারবেন, প্রতিদিনের অভ্যাসও করতে পারেন, اِنْ شَآءَاللهُ স্মরণশক্তি মযবুত হয়ে যাবে।

(আলহাজ্ব ক্বারী আয়ায আত্তারী (রুকনে শূরা) এর খেদমতে উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## আমার জন্য সবচেয়ে উত্তম উপহার: "সালাম"

সাহাবীয়ে নবী হযরত আবু দারদা رَضِىَ اللهُ عَنْهُ বলেন: "আমাকে আমার কোন মুসলমান ভাই এমন উপহার দিয়েছে যেটা সালামের চেয়ে বেশি আমার পছন্দ হয়েছে।" (আয যুহদ লিল ইমাম আহমদ বিন হাম্বল, পৃষ্ঠা ১১৪)

(হাজ্বী মুহাম্মদ আসলাম আত্তারী (রুকনে শূরা) খানপুর ওয়ালার খেদমতে লিখা উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## দরিদ্রতা থেকে বাঁচার অযীফা

আল্লাহ পাকের প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেছেন: لَااِلٰهَ اِلَّا اللهُ الْمَلِكُ الْحَقُّ الْمُبِيْن ১০০বার যে ব্যক্তি প্রতিদিন পাঠ করবে সে



www.dawateislami.net

দুনিয়াতে দরিদ্রতা থেকে বেঁচে থাকবে, কবরে তার কোন ভয় থাকবে না এবং তার জন্য জান্নাতের দরজা খুলে দেওয়া হবে।

(শরহুস সুদূর (অনুবাদকৃত) পৃষ্ঠা ২৮৫)

(রুকনে শূরা হাজ্বী রফিউল আত্তারীর খেদমতে উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## আমি মদিনা ছেড়ে এসেছি

چُھپ گیا ہوں نگاہوں سے آہ! سب مدینہ کا
دلکش و حسیں منظر میں مدینہ چھوڑ آیا
دُور ہو گیا سرکار! آہ غمزدہ عطار
جلد آؤں پھر دَر پر میں مدینہ چھوڑ آیا

ছুপ গেয়া হো নিগাহো সে, আহ! সব মদীনা কা
দিলকাশো হসীঁ মানযার, ম্যা মদীনা ছোড় আয়া
দূর হো গেয়া সরকার! আহ গমযাদাহ আত্তার
জলদ আউঁ পীর দরপর, ম্যা মদীনা ছোড় আয়া

(রুকনে শূরা হাজ্বী ইয়াফুর রেযা আত্তারীর খেদমতে মদীনার প্রেমে বিভোর হয়ে লিখিত উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## অপরের দোষ তালাশ করো না

মুসলমানদের দ্বিতীয় খলিফা হযরত ওমর ফারুকে আযম رَضِیَ اللہُ عَنۡہُ বলেন: "অন্যের দোষত্রুটি তালাশ করা থেকে যে বিরত থাকে, সে নিজের দোষত্রুটি সংশোধন করতে সক্ষম হয়।" (আল মুনাব্বিহাত)

(হাজ্বী ওয়াকারুল মদীনার খেদমতে উপহার)

صَلُّوا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللہُ عَلٰی مُحَمَّد

## কথার কয়েদী

"বলা হয়: কথা মানুষকে কয়েদ করে নেয় অথচ বলার পর মানুষ তার কয়েদী হয়ে যায়।" (দ্বীন ও দুনিয়া কী আনুকী বাতে, ১/১৮৩)

(রুকনে শূরা হাজ্বী আতহার আলী আত্তারীর খেদমতে উপহার)

صَلُّوا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللہُ عَلٰی مُحَمَّد

## একটি সহজ কাজ

আল্লাহ পাকের প্রিয় হাবীব صَلَّی اللہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم ইরশাদ করেন: "যখন কোন ব্যক্তি তার ঘর থেকে বের হওয়ার সময় بِسۡمِ اللہ পাঠ করে তখন ফেরেশতা বলে: তোমার যিম্মাদারী নেওয়া হয়েছে।"

(আল্লাহ ওয়ালো কী বাতে, ৭/৩০২ জামউল জাওয়ামে, ১/৩০২)

(হাজ্বী মুহাম্মদ আমীন কাফেলার খেদমতে উপহার)

صَلُّوا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللہُ عَلٰی مُحَمَّد

## হৃদয় আলোকিত হওয়ার নিশান

অনেক আরেফীনের বাণী: মুচকি হাসি ও প্রফুল্লমন হৃদয় আলোকিত হওয়ার আলামত। (ফয়যুল কদীর, ৩/২৯৭)

(আলহজ্বা ক্বারী মুহাম্মদ সেলিম আত্তারী (রুকনে শূরার) খেদমতে অমূল্য উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## নেয়ামত নষ্ট হয়ে যাওয়ার কারণ

ইমাম ইবনে হাজর আসকালানী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর বাণী: "আল্লাহ পাকের নাফরমানী অধিকাংশ সময় নেয়ামত নষ্ট (অর্থাৎ কম বা শেষ) হয়ে যাওয়ার কারণ হয়ে দাঁড়ায়।" (ফাতহুল বারী, ১১/৩০৩)

(হাজ্বী মুহাম্মদ আলী (রুকনে শূরা) এর খেদমতে লিখিত উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## হৃদয়ের জন্য অধিক উপকারী বস্তু

হযরত মুহাম্মদ বিন ইউনুস رَحْمَةُ اللهِ عَلَيْهِ বলেন: "আমি সালেহীন (অর্থাৎ নেককার বান্দাদের) আলোচনার চেয়ে হৃদয়ের জন্য বেশি উপকারী আর কোন জিনিস দেখিনি।"

(আব্দুল ওয়াহাব আত্তারী (রুকনে শূরার) জন্য লিখিত উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## হে চোখ! রক্ত অশ্রু ঝরাও

افسوس! چند گھڑیاں طیبہ کی رہ گئی ہیں
اے آنکھ! خون رولے تو رونا ہے جس قدر

আফসোস! চান্দ ঘড়িয়াঁ তায়বা কী রাহ গায়ি হ্যা
এ আঁখ! খুন রোলে তু রোনা হ্যা জিস কদর

(আলহজ্বা সৈয়দ ইব্রাহিম শাহ সাহেবের উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## আল্লাহ পাকের গোপন সিদ্ধান্ত

"অনেক আমল লোকজন নেকী মনে করে করতে থাকে কিন্তু সেগুলো কিয়ামতের দিন গুনাহের পাল্লায় রাখা হবে।"

(ইহইয়াউল উলুম (অনুবাদকৃত) ১/৩৯২। সূরা যুমার, আয়াত: ৪৭ এর পাদটীকা)

(হাজ্বী আকিল মাদানী আত্তারী (রুকনে শূরার) জন্য লিখিত উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## মাটির প্লেট

হাদীসে পাকে রয়েছে: "যে নিজের ঘরে মাটির প্লেট রাখে ফেরেশতারা তার যিয়ারত করে। (রদ্দুল মুহতার, ৯/৫৬৬)

বর্ণিত আছে যে, মাটির প্লেটের উপর কোন হিসাব নেই।

(কুতুল কুলুব, ১/২৮৮, ফয়যানে জুনাইদ বাগদাদী رَحْمَةُ اللهِ عَلَيْهِ, পৃষ্ঠা ১০)

(হাজ্বী আবু মাজীদ মুহাম্মদ শাহেদ মাদানী (রুকনে শূরা) এর খেদমতে উপহার)

صَلُّوا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## সুন্নাতের ফযীলত

রাসূলে করীম صَلَّى اللّٰهُ عَلَيۡهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: "যে আমার সুন্নাতকে ভালোবাসল সে (মূলত) আমাকে ভালোবাসল আর যে আমাকে ভালোবাসল সে আমার সাথে জান্নাতে থাকবে।" (ইবনে আসাকির, ৯/৩৪৩)

(রুকনে শূরা আলহাজ্ব সৈয়দ লুকমান শাহ সাহেবের খেদমতে লিখিত উপহার)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد

## রোগীকে সমবেদনা জানানোর ফযিলত

প্রিয় নবী صَلَّى اللّٰهُ عَلَيۡهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: যে ব্যক্তি কোন রোগীকে সমবেদনা জানাতে যায় আসমান থেকে এক আহবানকারী ডাক দিয়ে বলে: তোমার জন্য সুসংবাদ, তোমার পথ চলা ভালো তুমি জান্নাতের একটি মঞ্জিলকে তোমার ঠিকানা বানিয়ে নিয়েছ। (৫৫০ সুন্নাতে আওর আদাব, ৭২-৭৩)

(রুকনে শূরা হাজ্বী ফুযাইল রযা আত্তারী)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد

## নামাযের গুরুত্ব

হুযুর খাজা গরীবে নেওয়ায رَحۡمَةُ اللّٰهِ عَلَيۡهِ একবার কান্না করতে করতে বললেন: "নামায হলো দ্বীনের স্তম্ভ, যতক্ষণ পর্যন্ত স্তম্ভ ঠিক থাকবে ঘর নিরাপদ থাকে, যখন স্তম্ভ ভেঙ্গে যাবে তখন ঘরও ভেঙ্গে পড়ে যাবে।"

(ফয়যানে গরীবে নেওয়ায, পৃষ্ঠা ৭)

(রুকনে শূরা আলহাজ্ব হাফিয মুহাম্মদ আসাদ মাদানী سَلَّمَهُ الۡبَارِى এর খেদমতে লিখিত উপহার)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد



www.dawateislami.net

## নিশ্চুপ থাকা বুযুর্গ

হযরত সায়্যিদুনা মুহাম্মদ বিন নাদ্বর হারেসী رَحۡمَةُ اللهِ عَلَيۡهِ এর আব্বাজান থেকে কূফা সফরকারী এক ব্যক্তির বর্ণনা হলো, পুরো রাস্তায় হুযুর কোন কথা বলেননি, যখন তাঁর কোন কাজ পড়ত তখন নিজের ছেলের দিকে দেখতেন তখন সে উঠে কাজ করে দিত। (আল্লাহ ওয়ালো কী বা'তে, ৮/২৯৮ সারসংক্ষেপ)

হযরত মুহাম্মদ বিন নাদ্বর হারেসী رَحۡمَةُ اللهِ عَلَيۡهِ অনেক বেশি নিশ্চুপ বুযুর্গ ছিলেন, বলেন, জ্ঞানের সূচনা হলো নিরবতা, অতঃপর মনোযোগ দিয়ে শ্রবণ করা এরপর সেটাকে স্মরণ রাখা অতএব এর উপর আমল করা এবং সেটাকে ছড়িয়ে দেওয়া। (পৃষ্ঠা ২৯৭)

(রুকনে শূরা হাজ্বী আযহার আত্তারীর খেদমতে উপহার)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## সংক্ষিপ্ত আলোচনা

হযরত মাওলা আলী رَضِیَ اللهُ عَنۡهُ বলেন: خَيۡرُ الۡكَلَامِ مَا قَلَّ وَدَلَّ অর্থাৎ ভালো কথা হলো সেটা যেটা সংক্ষিপ্ত আর সারগর্ভ হয়।

(আত তা'লীকাতু লিল কাযী হোসাইন ১/১৪৮)

(রুকনে শূরা হাজ্বী জুনাইদ মাদানী سَلَّمَهُ الۡبَارِى এর খেদমতে লিখিত উপহার)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد



www.dawateislami.net

## মদীনায় কষ্টের ওপর ধৈর্য ধারণ করার ফযীলত

আল্লাহ পাকের প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এই বাণীও রয়েছে: "যে মদীনার দরিদ্রতা ও কষ্ট সহ্য করেছে আমি কিয়ামতের দিন তার জন্য সুপারিশ করব অথবা তার হকে সাক্ষ্য দিব।"

(মাজমাউয যাওয়ায়িদ, ৩/৬৫৭, হাদিস: ৫৮১৯)

(রুকনে শূরা হাজ্বী মুহাম্মদ ফারুক জিলানীর খেদমতে উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## মক্কা শরীফের গরমের ফযীলত

আমাদের প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেছেন: "যে ব্যক্তি দিনের কিছু সময় মক্কার গরম সহ্য করল জাহান্নামের আগুন তার থেকে দূরীভূত হয়।"

(রুকনে শূরা হাজ্বী বাগদাদ রেযার জন্য উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## সবচেয়ে বেশি দয়ালু

আল্লাহ পাকের প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: "আমার উম্মতের জন্য সবচেয়ে বেশি দয়ালু হলো আবু বকর সিদ্দিক (رَضِیَ اللهُ عَنْهُ)।"

(তিরমিযী, হাদীস: ৮১৫)

(হাজ্বী মানসুর আত্তারীর খেদমতে উপহার)

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد



www.dawateislami.net

## স্মৃতিশক্তি প্রখর ও দৃষ্টিশক্তি তীক্ষ্ণ হবে

গাজরের মৌসুমে প্রতিদিন গাজর খাওয়ার দ্বারা স্মরণশক্তি মযবুত হয় আর দৃষ্টিশক্তি তীক্ষ্ণ হয়ে থাকে এই পর্যন্ত যে, যদি আগে চশমা পড়ে থাকেন তবে এখন সংখ্যা কমতে থাকবে। (اِنْ شَآءَاللہ) (গাজর ধুয়ে সেটার খোসা ছাড়ানো ব্যতীত খাবেন কেননা খোসা ছাড়ানোর কারণে সেটার নিচে থাকা ভিটামিন নষ্ট হতে পারে)

(রুকনে শূরা হাজ্বী বরকত আলী আত্তারীর খেদমতে উপহার)

صَلُّوا عَلَی الْحَبِیْب ❁❁❁ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## দোয়া কবুল হওয়ার স্থান

আলা হযরত رَحْمَةُ اللهِ عَلَيْهِ বলেন: "খাজা গরীবে নেওয়ায রَحْمَةُ اللهِ عَلَيْهِ এর মাযার শরীফে দোয়া কবুল হয়ে থাকে।" (ইমাম আহমদ রযা দর খাজা পর, পৃষ্ঠা ১৫)

(রুকনে শূরা হাজ্বী খালিদ আত্তারী سَلَّمَهُ الْبَارِی U.K এর খেদমতে উপহার)

صَلُّوا عَلَی الْحَبِیْب ❁❁❁ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## জান্নাতে যাবে না

আমাদের প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেছেন: "ধোঁকা দেওয়া ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না।" (তিরমিযী, ৩/৮৮৩, হাদীস: ১৯৭০)

অর্থাৎ ধোঁকার আযাব ভোগ করার পর জান্নাতে প্রবেশ করবে।

(আব্দুল মুবিন আত্তারী (বাংলাদেশ) এর খেদমতে উপহার)

صَلُّوا عَلَی الْحَبِیْب ❁❁❁ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد




www.dawateislami.net

# সূচীপত্র

প্রথমে এটি পড়ে নিন ....................১
দোয়ায়ে আত্তার: .................... ৩
দাওয়াতে ইসলামী জিন্দাবাদ.................... ৩
লজ্জাশীলতার গুরুত্ব....................৪
আরশ ও কুরসীর চেয়েও উত্তম ....................৪
রাগকে নিয়ন্ত্রণ করার ফযিলত ....................৪
স্মরণশক্তির জন্য খুব সুন্দর আমল .................... ৫
আমার জন্য সবচেয়ে উত্তম উপহার: “সালাম” .................... ৫
দরিদ্রতা থেকে বাঁচার অযীফা.................... ৫
আমি মদিনা ছেড়ে এসেছি.................... ৬
অপরের দোষ তালাশ করো না ....................৭
কথার কয়েদী....................৭
একটি সহজ কাজ....................৭
হৃদয় আলোকিত হওয়ার নিশান.................... ৮
নেয়ামত নষ্ট হয়ে যাওয়ার কারণ.................... ৮
হৃদয়ের জন্য অধিক উপকারী বস্তু.................... ৮
হে চোখ! রক্ত অশ্রু ঝরাও....................৯
আল্লাহ পাকের গোপন সিদ্ধান্ত....................৯
মাটির প্লেট....................৯
সুন্নাতের ফযীলত ....................১০
রোগীকে সমবেদনা জানানোর ফযিলত....................১০
নামাযের গুরুত্ব....................১০
নিশ্চুপ থাকা বুযুর্গ.................... ১১
সংক্ষিপ্ত আলোচনা.................... ১১
মদীনায় কষ্টের ওপর ধৈর্য ধারণ করার ফযীলত....................১২
মক্কা শরীফের গরমের ফযীলত ....................১২
সবচেয়ে বেশি দয়ালু ....................১২
স্মৃতিশক্তি প্রখর ও দৃষ্টিশক্তি তীক্ষ্ণ হবে ....................১৩
দোয়া কবুল হওয়ার স্থান....................১৩
জান্নাতে যাবে না....................১৩



www.dawateislami.net





## মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭৩৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাত্তাহ্ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশারীপট্টি, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net